গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.১১.০৪৭.১৭(অংশ-১)-৫৮

তারিখঃ ৩০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি,২০২১ খ্রিস্টাব্দ

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | নিম্নোক্ত জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা ও পুত্র-কন্যাদের পুত্র-কন্যা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণ সকল জেলা থেকে আবেদন করতে পারবেন)। |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড) | ০২ (দুই) টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরের সর্বনিম্ন গতি: ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ, বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; | |
| ০২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড) | ০৪ (চার) টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) সাঁট-লিপি পরীক্ষার গতি: ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৭০ শব্দ, বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৪৫ শব্দ;<br>ঘ)কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি: ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ, বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; | ঢাকা, গাজীপুর, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, সিরাজগঞ্জ, রংপুর, যশোর, সিলেট। |
| ০৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | ০১ (এক) টি | ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ টাইপের গতি থাকতে হবে। | |
| ০৪. | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড) | ০৫ (পাঁচ) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, নরসিংদী, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোণা, কক্সবাজার, নোয়াখালী, পাবনা, নওগাঁ, রাজশাহী, রংপুর, গাইবান্ধা, খুলনা, যশোর। |
| | মোট = | ১২টি (বার) | | |

**০২. গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে সমমানে নির্ধারিত হবে**

**০৩. আবেদন দাখিল করা এবং মৌখিক পরীক্ষার জন্য নিম্নোক্ত শর্ত অবশ্যই প্রতিপালন করতে হবে:**

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের সনদ মৌখিকমূল পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে ।

(খ) (প্রযোজ্য ক্ষেত্রে):

০১. বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন

*চলমান পাতা-০২*

পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়ন পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

০২. এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ প্রদর্শন করতে হবে।

০৩. **১৫-০১-২০২১ খ্রি.** তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০) অনুযায়ী বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৫. সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬. প্রার্থী/প্রার্থীগণকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০৭. কোনো বিদেশি নাগরিককে বিবাহ করেননি এবং ভবিষ্যতেও করবেন না মর্মে চূড়ান্ত নিয়োগের সময় প্রতিশ্রুতি প্রদান করতে হবে।

০৮.সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তির ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১০. লিখিত/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার TA/DA প্রদান করা হবে না।

১১. চূড়ান্ত নিয়োগের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তর নির্ধারিত সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগত সনদ দাখিল করতে হবে।

১২.কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বা সিদ্ধান্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩. শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. সকল আবেদন অনলাইনে করতে হবে। সরাসরি/হার্ডকপিতে কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

১৫. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://tmed.teletalk.com.bd এই ওয়েবসাইটে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১৭-০১-২০২১, সকাল ১০:০০ ঘটিকা।

২. অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ০৬-০২-২০২১, সন্ধ্যা: ০৬:০০ ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইনে আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা-সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online–এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১-৩ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটক সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ মোট ১১২.০০ (একশত বার) টাকা এবং ৪-নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটক সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকাসহ মোট ৫৬.০০ (ছাপান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে

বিশেষভাবে উল্লেখ্য যে, "Online–এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম** SMS: TMED<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: TMED ABCDEF & send to 16222

**দ্বিতীয়** SMS: TMED <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TMED Yes 12345678 & send to 16222

চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://tmed.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথা সময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: TMED<space>Help<space>User<space>User ID & send to 16222

   Example: TMED Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: TMED<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

   Example: TMED Help PIN 1234567 & send to 16222

ঝ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগ পরীক্ষা-২০২০ এর বিজ্ঞপ্তি, Online -এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েব সাইট http://tmed.teletalk.com.bd এবং www.tmed.gov.bd -এ পাওয়া যাবে।

২৪/১/২০২০

(রোকসানা রহমান)
উপসচিব (প্রশাসন)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
সদস্য-সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি
ফোন: ৪১০৫০১৩০